ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-১৫৪০</u>

আগরতলা,২ জুলাই,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

''জনঔষধি কেন্দ্র খোলা নিয়ে টানাপোড়েন,'' এই শিরোনামে গত ২৭ জুন, ২০২৫ প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে ঊনকোটি জেলা হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, ঊনকোটি জেলা হাসপাতালের প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি কেন্দ্র (পিএমবিজেকে) স্থাপনের লক্ষ্যে স্বাস্থ্য অধিকারের ১৭ মার্চ, ২০২৫ তারিখের চিঠির পরিপ্রেক্ষিতে গত ২৭ মার্চ, ২০২৫ মোঃ নুরুল আমিন খাদিম-কে ঊনকোটি জেলা হাসপাতালে জনঔষধি কেন্দ্রটি চালু করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট কক্ষ বরাদ্দ করে। তবে, তিন মাসের অধিক সময় অতিক্রান্ত হলেও ঊনকোটি জেলা হাসপাতালে প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি কেন্দ্র (পিএমবিজেকে) চালু করা হয়নি। এই অযথা বিলম্বের প্রেক্ষিতে মোঃ নুরুল আমিন খাদিম-কে একটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। উক্ত নোটিশে তাকে ঊনকোটি জেলা হাসপাতালের প্রধানমন্ত্রী ভারতীয় জনওষুধী কেন্দ্র(পিএমবিজেকে) খোলার বিলম্বের কারণ লিখিতভাবে ব্যাখ্যা করার জন্য বলা হয়েছে। তার ব্যাখ্যা প্রাপ্তি ও মূল্যায়নের পর সংশ্লিষ্ট বিষয়ে একটি চূড়ান্ত রিপোর্ট জমা দেওয়া হবে।

*****